

নূতন পাঠক্রম

২০১৯

ত্রিস্তরীয়

বাংলা

(সাম্মানিক)

অষ্টম পত্র

পূর্ণমান : ৬০

সময় : ৩ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রপ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

বর্গ—ক

(লোকসাহিত্য ও লোক সংস্কৃতি)

১। লোকসংস্কৃতির সংজ্ঞা লেখো ও লোকসংস্কৃতির বিভাগগুলির পরিচয় দাও।

অথবা

লোকবিশ্বাস ও লোকসংস্কার কী ? মৃত্যু ও যাত্রা সম্পর্কিত সংস্কারের পরিচয় দাও।

১২

(Turn Over)

২। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩×১২

- (ক) বাংলা লোককথার শ্রেণীবিভাজন করে প্রতিটি বিভাগের পরিচয় দাও।
- (খ) বাংলা লোকনাটকের উদ্ভব ও বিকাশ ধারার পরিচয় দাও।
- (গ) রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া' অবলম্বনে শিশুমনের পরিচয় দাও।
- (ঘ) প্রবাদ ও ছড়ার সংজ্ঞা, বৈশিষ্ট্যসহ উভয়ের সাদৃশ্য ও বৈসাদৃশ্য আলোচনা করো।
- (ঙ) 'ব্রতীনের কামনার চিত্রিত রূপ ব্রতের আলনা'—অবনীন্দ্রনাথ ঠাকুরের 'বাংলার ব্রত' গ্রন্থ অবলম্বনে আলোচনা করো।
- (চ) 'চন্দ্রাবতী' পালাটিতে চন্দ্রাবতী চরিত্রের মধ্যে সংস্কার ও প্রেম মনস্তত্ত্বের দ্বন্দ্ব সম্পর্কে আলোচনা করো।

৩। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩×৪

- (ক) ব্যালাড ও গীতিকার মধ্যে পার্থক্য লেখো।
- (খ) হরগৌরী বিষয়ক ছড়ার মধ্যে তৎকালীন যে সমাজচিত্ররূপ ফুটে উঠেছে, সে সম্পর্কে আলোচনা করো।
- (গ) লোকসংস্কৃতির বৈশিষ্ট্য সমূহ সংক্ষেপে আলোচনা করো।

- (ঘ) আদিবাসী সংস্কৃতি ও গ্রামীণ সংস্কৃতির মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য বিষয়ে সংক্ষেপে লেখো।
- (ঙ) লোকভাষা ও উপভাষার মধ্যে পার্থক্য লেখো।
- (চ) টীকা লেখো (যেকোনো একটি) :
- নক্সী কাঁথা, গয়না বড়ি, সংখ্যা বিষয়ক সংস্কার, বৃক্ষপূজা, টোটোম, ভীমপূজা।

### বর্গ—খ

#### (কথা সাহিত্য)

- ১। প্রবন্ধ লেখো (যেকোনো তিনটি) : ৩×১২
- (ক) “... আমাদের আসল জাতীয় ইতিহাস মুক জন্মগণের ইতিহাস, রাজ রাজড়াদের বিজয় কাহিনী নয়”—‘ইছামতী’ উপন্যাস এই মুক জনগণের যে ইতিহাস বিবৃত হয়েছে তা আলোচনা করো।
- (খ) ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।
- (গ) রাজ্য জয়-পরাজয়ের সীমানা পেরিয়ে ‘গৌড়মন্টার’ উপন্যাসে সাধারণ মানবজীবনের যে জয়গান রচিত হয়েছে—তার পরিচয় দাও।
- (ঘ) শাস্ত্র চরিত্রটি বিশ্লেষণ করো।

২। যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১×১২

- (ক) 'Satire তাঁর Wit এবং Fun কে সামান্য প্রসারিত করেছে মাত্র, কখনো একটি জ্বালাজর্জর বৈশিষ্ট্যে চিহ্নিত হয়নি'—'রসময়ীর রসিকতা' গল্প অবলম্বনে মন্তব্যটির যথার্থতা বিচার করো।
- (খ) 'মানুষের মানে চাই গোটা মানুষের মানে!' 'বেদেনী' গল্পের রাধিকা চরিত্র অবলম্বনে এই মন্তব্যটির সার্থকতা বিচার করো।
- (গ) 'হয়তো' গল্পটির শৈল্পিক গঠন বিচার করো।

৩। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩×৪

- (ক) টোপ গল্পে ক্ষমতা ও প্রতাপের স্পর্ধিত প্রকাশের দিকটি আলোচনা করো।
- (খ) 'জাম্ববতী' কে ? তিনি কোন্ কথাসাহিত্যের চরিত্র ? কথাসাহিত্যিক কে ? কথাসাহিত্যটি কত সালে প্রকাশিত হয় ?
- (গ) পেটের ক্ষুধা আর দেহের ক্ষুধার যুগল সম্মিলনে ভিখু চরিত্রটি কিরূপ জীবন্ত হয়ে ফুটে উঠেছে তা আলোচনা করো।
- (ঘ) 'মাধুরী' কে ? তার জীবনতৃষ্ণার পরিচয় দাও।
- (ঙ) 'অশ্বমেধের ঘোড়া' নামকরণের সার্থকতা বিচার করো।

বর্গ—গ

(নাটক)

১। যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১×১২

- (ক) দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাটক সমূহে কোথায় কোথায় কীভাবে শেক্সপীয়রের প্রভাব পড়েছে তা দেখাও।
- (খ) মোহিত চট্টোপাধ্যায়ের যেকোনো একটি নাটক বিশ্লেষণ করে 'অ্যাবসার্ডিটি'র দর্শনটি বুঝিয়ে দাও।

২। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৩×১২

- (ক) 'সধবার একাদশী' প্রহসনে নিমচাঁদ চরিত্রটির গুরুত্ব বিচার করো।
- (খ) 'কণ্ঠনালীতে সূর্য' নাটকে ছকভাঙা জীবনের কথা কিভাবে ব্যক্ত হয়েছে তা বিশ্লেষণ করে দেখাও।
- (গ) "ডাকঘর নাটকে কবি মানব-মনের সুদূরের জন্য আকাঙ্ক্ষার ও তাহার মুক্তির চিত্র আঁকিয়াছেন"—সমালোচকের এই মন্তব্যটি বিশ্লেষণ করো।
- (ঘ) 'বল্লভপুরের রূপকথা' নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো।

৩। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩×৪

- (ক) 'বল্লভপুরের রূপকথা' নাটকে পুরাতন ভূত্যের নাম কী ? নাটকে তার প্রাসঙ্গিকতা লেখো। ১+৩
- (খ) 'আমি চঞ্চল হে, আমি সুদূরের পিয়াসী, এই আহ্বান অমল চরিত্রের মধ্যে কিভাবে বিকশিত হয়েছে দেখাও।
- (গ) 'কণ্ঠনালীতে সূর্য'। নাটকে কালো পোশাকে ঢাকা ছায়ামূর্তিগুলি কিসের সাংকেতিকতাকে বহন করেছে লেখো।
- (ঘ) রামনারায়ণ তর্করত্নের নাটকে কালিদাসের প্রভাব কীভাবে পড়েছে তা সংক্ষেপে লেখো।

বর্গ—ঘ

(রবীন্দ্র সাহিত্য)

- ১। (ক) উৎস উল্লেখ করে 'শুচি' কবিতার অন্তর্নিহিত তাৎপর্য তোমার নিজের ভাষায় ব্যক্ত করো। ১×১২

অথবা

তোমার পাঠ্য কবিতাগুলি অবলম্বনে 'পুনশ্চ' কাব্যের ছন্দরীতি সম্পর্কে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ লেখো।

২। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩×১২

- (ক) বাংলাদেশের অন্তায়মান অভিজাত সংস্কৃতির ছাপ পড়েছে বিপ্রদাসের চরিত্র-চিত্রণে— এ বিষয়ে তোমার বক্তব্য পরিস্ফুট করো।
- (খ) 'বিবেচনা ও অবিবেচনা' প্রবন্ধের মূল বক্তব্য নিজের ভাষায় ব্যক্ত করো।
- (গ) 'রাজা' নাটকের ঠাকুরদা চরিত্রটির ভূমিকা আলোচনা করো।
- (ঘ) ছোটগল্প হিসেবে 'রবিবার' গল্পের সার্থকতা বিচার করো।
- (ঙ) 'নিশীথে' গল্পে মনস্তত্ত্বের সঙ্গে অতিপ্রাকৃতের যে সংমিশ্রণ ঘটেছে তার পরিচয় দাও।
- (চ) 'বাঁশী' কবিতার অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩×৪

- (ক) 'পুনশ্চ' কাব্যের ছেলেটার পরিচয় দাও।
- (খ) 'নাটক' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।
- (গ) 'যোগাযোগ' উপন্যাসের শ্যামা চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঘ) "এ সভ্যতা ক্ষমতার দ্বারা চালিত, এতে মমতার স্থান অল্প"—সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

- (ঙ) ‘জীবিত ও মৃত’ গল্পের কাদম্বিনীর সখীর পরিচয় দাও।
- (চ) “বেঁচেছি, বেঁচেছি সুরঙ্গমা! হার মেনে তবে বেঁচেছি”—কার উক্তি?  
উক্তিটির গূঢ়ার্থ ব্যাখ্যা করো।
-